গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-১৩
www.mohpw.gov.bd

(৫)

নম্বর ২৫.০০.০০০০.০১৬.৩০.০২৭.২০

তারিখঃ কার্তিক ১৪৩০ / অক্টোবর ২০২৩

বিষয়ঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ এবং ২০২৫-২০২৬ অর্থবছরের ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভূক্তির বিজ্ঞপ্তি প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের দৈনন্দিন অভ্যন্তরীণ চাহিদা মেটানোর জন্য কম্পিউটার সরঞ্জামাদি ও অফিস সরঞ্জামাদি ক্রয়ের লক্ষ্যে এতদসঙ্গে সংযুক্ত প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞাপনটি আগামী ০১/১১/২০২৩ তারিখে ০১ (এক) দিন আপনার বহুল প্রচারিত পত্রিকায় ৩ কলাম (৬ইঞ্চি x ৫ইঞ্চি) আকারে ভিতরে যেকোনো পৃষ্ঠায় প্রকাশের অনুরোধ করা হলো। বিজ্ঞাপনটি প্রকাশের পর বিধি মোতাবেক বিল দাখিলসহ পত্রিকার ০৫ (পাঁচ) টি সৌজন্য কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
৬২৩৪
০২/১১/২৩

সংযুক্তিঃ বর্ণনামতে।

স্বা:
(সাহেলা আক্তার)
উপসচিব
তারালাপন- ৯৫৪৬২৫৫

১। সম্পাদক
দৈনিক জনকণ্ঠ
জনকণ্ঠ ভবন, ২৪/এ নিউ ইস্কাটন রোড, ঢাকা।
[দৃ:আ: ম্যানেজার বিজ্ঞাপন শাখা]

২। সম্পাদক
NEW AGE
হামিদ প্লাজা (২য় তলা), ৩০০/৫/এ/১, বীর উত্তম সি.আর দত্ত রোড, হাতিরপুল, ঢাকা।
[দৃ:আ: ম্যানেজার বিজ্ঞাপন শাখা]

নম্বর ২৫.০০.০০০০.০১৬.৩০.০২৭.২০ - ৪৭৭

তারিখঃ ২৫ কার্তিক ১৪৩০ / ৩১ অক্টোবর ২০২৩

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট (আইসিটি শাখা) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(সাহেলা আক্তার)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-১৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd.

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৬.৩০.০২৭.২০- ৪৭৮

তারিখঃ ১৫ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ / ৩১ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির বিজ্ঞপ্তি**

The Public Procurement Rules (PPR) ২০০৮ অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতির মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর জন্য ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ এবং ২০২৫-২০২৬ অর্থ বছরে কম্পিউটার সরঞ্জামাদি ও অফিস সরঞ্জামাদি ক্রয়ের লক্ষ্যে তালিকাভুক্তির নিমিত্ত সরবরাহকারী/ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে:

**শর্তাবলি:**

১। আবেদনের জন্য নির্ধারিত 'সিডিউল/ফরম' আগামী ০২.১১.২০২৩ হতে ১২.১১.২০২৩ তারিখ পর্যন্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে। সিডিউল/ফরম ক্রয় বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে নির্ধারিত কোডে (কোড নং-১-৩২০১-০০০১-২৩৬৬) জমা প্রদান করতে হবে। চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

২। আবেদনের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, বিগত বছরের আয়কর প্রদানের সনদপত্র ও ভ্যাট রেজিস্ট্রেশনের সনদের কপি দাখিল করতে হবে।

৩। আবেদনকারীগণের যোগ্যতার শর্তাবলী নিম্নরূপ:

ক) দরপত্র প্রকাশের তারিখে বাংলাদেশের যেকোনো সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কম্পিউটার সরঞ্জামাদি/ অফিস সরঞ্জামাদি সরবরাহের ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সফল কার্য সমাপ্তির সার্টিফিকেট আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

খ) বাংলাদেশের যেকোনো সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বিগত ৩ (তিন) বছরে একক চুক্তির আওতায় ন্যূনতম ২৫ লক্ষ টাকার কম্পিউটার সরঞ্জামাদি এবং অফিস সরঞ্জামাদি সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সফল কার্য সমাপ্তির সার্টিফিকেট আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

গ) ন্যূনতম ৫০ লক্ষ টাকার মূলধন বা ক্রেডিট লাইন থাকতে হবে। এক্ষেত্রে ব্যাংক থেকে যথাযথ অঙ্গীকার সম্বলিত প্রতিশ্রুতি পত্র আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

ঘ) বিগত ০৩ (তিন) বছরে গড় বার্ষিক টার্নওভার কমপক্ষে ৭০ লক্ষ টাকা হতে হবে। এক্ষেত্রে বাংলাদেশের যে কোন অনুমোদিত চার্টার্ড একাউন্টস ফার্ম থেকে বিগত ৩ (তিন) বছরের অডিট রিপোর্ট আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

ঙ) কম্পিউটার সরঞ্জামাদি প্রস্তুতকারক প্রতিষ্ঠান প্রদত্ত Manufacturer Authorization Letter (MAL) আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

চ) কম্পিউটার সরঞ্জামাদি প্রস্তুতকারক প্রতিষ্ঠান প্রদত্ত Country of Origin Certificate আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

ছ) কম্পিউটার সরঞ্জামাদি প্রস্তুতকারক প্রতিষ্ঠান প্রদত্ত Current Production Certificate আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

জ) নিম্নবর্ণিত ISO সার্টিফিকেট আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে:

i. ISO Certificate 9001:2015 for Quality Management System.
ii. ISO/IEC Certificate 20000-1:2018 for the Information Technology Service Management System standard.
iii. ISO/IEC Certificate 27001:2013 for the Information Security Management System.

৪। তালিকাভুক্তির জন্য মনোনীত করার পূর্বে প্রয়োজনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করা হবে।

৫। আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই পূর্বক সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করে তার ভিত্তিতে প্রতিষ্ঠানসমূহ তালিকাভুক্ত করা হবে এবং এই তালিকাভুক্তি আগামী ২০২৫-২০২৬ অর্থবছর পর্যন্ত বলবৎ থাকবে।

৬। সকল কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন আগামী ১২.১১.২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন প্রশাসন অধিশাখা-১৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (কক্ষ নং-১০৪, ভবন নং-৫), বাংলাদেশ সচিবালয়, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে অথবা বাংলাদেশ সচিবালয়ের দর্শনার্থী গেইটে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে।

৭। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো অথবা সকল আবেদনপত্র বাতিল অথবা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩১/১০/২৩

(সাহেলা আক্তার)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬২৫৫